

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
বদলগাছী, নওগাঁ।

bbs.badalgachi.naogaon.gov.bd

স্মারক নং-৫২.০১.৬৪০৬.০০০.১০.১৩২.২০-০০৪

তারিখঃ ১২/০৮/২০২১খ্রিঃ

নিয়োগবিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা-২০২১' এর মূল শুমারির গণনা কার্যক্রমের জন্য কিছু সংখ্যক কর্মী নিয়োগের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে শুধু মাত্র বদলগাছী উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল মৌজা/ গ্রামের বসবাসকারীরা আবেদন করতে পারবেন তা নিম্নের হকে উল্লেখ করা হলো।

"হক"

ক্র:নং	ইউনিয়নের নাম	মৌজার নাম
০১)	বিলাশবাড়ী	কাশিমাল্লা, ভগবানপুর, হলুদবিহাড়, দুধকুড়ি, দেওকুড়ি, বলরামপুর, কটকবাড়ী, এনায়েতপুর, কানুপুর, বিলাশবাড়ী, মহেশপুর, চকনরসিংহ, তাজপুর, নাজিরপুর, চকআবির, চকগোশি, হাজিরপুর, সেগুনা গোপালপুর, সরমাপুর।
০২)	মথুরাপুর	কাষ্টগাড়ি, জালালপুর, চকজালাল, গয়েশপুর, পিরিজপুর, পারশাপিলা, দরিয়াপুর, গোপালপুর, শ্যামপুর, উত্তর সাদিশপুর, চকবেনী, পরশুরামপুর, চকগোপীনাথ।
০৩)	পাহাড়পুর	রসুলপুর, দাড়িশন, সবদুলপুর, নলশার/নয়নশহর, খোজাগাড়ী, বিশপাড়া, পাহাড়পুর, কিশমত পাঁচঘড়িয়া, মালুনা, গোয়ালভিটা, ধর্মপুর, জগদিশপুর, নুজ, রাজপুর।
০৪)	কোলা	পূর্ববনগ্রাম, কোলা, ভোলার পালশা, কোলার পালশা।
০৫)	আধাইপুর	আধাইপুর, সাদিশপুর, উত্রাশন, পরমানন্দপুর, শহরপুর, বেগুনজোয়ার।

ক্র: নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপির মোতাবেক সম্মানী ভাতা পাবেন।	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্ট ফোনের এক্সয়েড জার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) ৩১/০৬/২০২১ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রকল্পের বর্তমান ডিপিপির মোতাবেক সম্মানী ভাতা পাবেন।	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড জার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) ৩১/০৬/২০২১ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.badalgachi.naogaon.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.naogaon.gov.bd) থেকে ও সংগ্রহ করা যাবে।
- মূল শুমারি (২৫-৩১ অক্টোবর-২০২১) কার্যক্রমে প্রতি গণনাকারীকে ০৭(দশ) দিনে মোট ১২০ (কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করবেন।
- মূল শুমারি মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে এবং স্মার্ট ফোন পরিচালনায় দক্ষতা আছে এমন প্রার্থীই আবেদন করতে পারবেন।
- প্রার্থীকে সরকারী/বেসরকারী কোন প্রকল্পে যেমনঃ ন্যাশনাল সার্ভিস, স্কুল, কিডার গার্ডেনে নিয়োজিত থাকা যাবে না।
- ডুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- সকল পদের আবেদন ফরম বন্ধ থাকার উপর ডান পার্শে পদের নাম এবং নিজ ইউনিয়নের নাম উল্লেখ পূর্বক আগামী ১৭/০৮/২০২১ খ্রি: তারিখে বৈকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বন্ধ এ জমা দিতে হবে।
- ১৮/০৮/২০২১ খ্রিঃ তারিখে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের স্বশরীরে সকাল ৯.০০ টায় উপস্থিত হয়ে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান হবে না।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- আবেদন পত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে।
  - সদ্য তোলা পাস পোর্ট সাইজের- ০১ (এক) কপি ও স্ট্যাম্প সাইজের ০১ (এক) কপি ছবি।
  - জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি.)- ০১ (এক) কপি ফটোকপি।
  - জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
  - সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত কপি।
- পূর্ববর্তী শুমারি কাজের অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোসা: আলপনা ইয়াসমিন)  
উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
বদলগাছী, নওগাঁ।